

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫৫

তারিখ: ১ ভাদ্র ১৪২৯

১৬ আগস্ট ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা নেই।
চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে সর্ক সংকেত নামিয়ে ফেলতে বলা হয়েছে।
উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে আগামিকাল (১৬ আগস্ট, ২০২২) সকাল পর্যন্ত সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। আজ ১৬ আগস্ট, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

৩। আজ ১৬ আগস্ট, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: ছত্তীসগড় ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত স্থান নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে সরে গিয়ে বর্তমানে পশ্চিম মধ্য প্রদেশ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি ক্রমশ দুর্বল হয়ে যেতে পারে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র মাঝারি অবস্থায় রয়েছে।

পূর্বাভাস: ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল	গতকাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.৫	৩৩.৩	৩৪.২	৩৪.৮	৩৪.৬	৩৫.০	৩৩.৩	৩২.৪	দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৭.০	২৫.০	২৫.৪	২৪.৮	২৬.২	২৫.৮	২৬.১	তেঁতুলিয়া ৩৫.০° সেঃ

এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা ঈশ্বরদী ২৪.৫° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘণ্টায় হ্রাস পেতে পারে, অপরদিকে যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সকল প্রধান নদ-নদীসমূহ বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

৫। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	২১	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
হ্রাস	৮৬	মোট তথ্য পাওয়া যায়নি	০০
অপরিবর্তিত	০২	বিপদসীমার উপরে	০০
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা			০০
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			০০

৬। বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৬ আগস্ট, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রঃ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-	-

৭। বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
পাবনা	৪৪.০	নোয়াখালী	৩৬.০

গত ২৪ ঘণ্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বারিপাত (মি.মি.)
পাসিঘাট (অরুণাচল)	৩৯.০

৮। চকবাজারে প্লাস্টিক কারখানায় অগ্নিকান্ডের ক্ষয়ক্ষতির নিহত/আহত তথ্যঃ

ক্রমিক নং	নিহতের মাম	পিতা, মাতার নাম ও ঠিকানা
১	স্বপন সরকার (১৯)	পিতা, রাকেশ সরকার, মাতা, মালতী সরকার, সাং-বামই, থানা-লাখাই, জেলা- হবিগঞ্জ
২	ওসমান (২৫)	পিতা- আবুল কালাম সরদার, মাতা- পিয়ারা বেগম, সাং দক্ষিণ বড় কাসমা, থানা-গোসাইহাট, জেলা-শরিয়তপুর
৩	বিপ্লব (৩৫)	পিতা- মৃত. আলম সরদার, মাতা- রিজিয়া বেগম, সাং টুমচর, থানা-মুলাদি, জেলা-বরিশাল
৪	মোতালেব (১৬)	পিতা- মোস্তফা, মাতা- মমতাজ বেগম, সাং সংকরপাশা, থানা-হিজলা, জেলা-বরিশাল

৫	মো: শরিফ (১৬)	পিতা- মিজান, মাতা- ফাহিমা, সাং তিতচর, থানা-চান্দিনা, জেলা-কুমিল্লা
৬	রুবেল (২৮)	পিতা- সত্তার হিলালু, মাতা- আনোয়ারা বেগম, সাং দক্ষিণ আকাল বরিশ, থানা-কালকিনি, জেলা-মাদারীপুর

৯। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৪ আগস্ট, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৫ আগস্ট, ২০২২খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	৬
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৩	০	০
৮।	খুলনা	৪	০	০
	মোট	১৭	০	৬



১৬-৮-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫৫/১(১৭২)

তারিখ: ১ ভাদ্র ১৪২৯

১৬ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

- ১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
১৪) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১৬-৮-২০২২

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা